

High Level Meeting of the L.69 Group on "Reinvigorating Multilateralism and Achieving Comprehensive Reform of the UN Security Council"

September 23, 2022

“ বহুপাক্ষিকতা পুনরুজ্জীবিতকরণ এবং রাষ্ট্রসঙ্ঘের নিরাপত্তা পরিষদের ব্যাপক সংস্কার অর্জন”-এর উপরে এল.69 গ্রুপের উচ্চপর্যায়ের বৈঠক

সেপ্টেম্বর 23, 2022

নিউইয়র্কে আজ 77তম ইউএনজিএ-র ফাঁকে “ বহুপাক্ষিকতা পুনরুজ্জীবিতকরণ এবং রাষ্ট্রসঙ্ঘের নিরাপত্তা পরিষদের ব্যাপক সংস্কার অর্জন”-এর উপরে এল.69 গ্রুপ ও অন্যান্য আমন্ত্রিত সমমনোভাবাপন্ন দেশগুলির একটি উচ্চপর্যায়ের বৈঠক অনুষ্ঠিত হয়েছে। বৈঠকের পৌরোহিত্য করেছেন সেন্ট ভিনসেন্ট ও গ্রেনাডাইন্স-এর প্রধান মন্ত্রী হিজ এক্সেলেন্সি রাফেল গঞ্জালভেজ এবং যুগ্ম আহ্বায়ক ছিলেন ভারতের বিদেশমন্ত্রী ডঃ এস. জয়শংকর।

2. এই বৈঠকটি প্রাথমিকভাবে আফ্রিকা, লাতিন আমেরিকা এবং ক্যারিবিয়ান বিকাশশীল দেশগুলি সহ সংস্কার পন্থী সদস্য দেশগুলি দ্বারা স্থাপিত এল.69 গ্রুপের 15 তম বার্ষিকী উদযাপন উপলক্ষে অনুষ্ঠিত হয়েছে। নিরাপত্তা পরিষদে ব্যাপক সংস্কার অর্জন এবং পরিণামে বহুপাক্ষিকতাকে শক্তিশালী করার একটি অভিন্ন বাসনাতে এই দেশগুলি সকলে একত্রিত হয়েছে। এল.69 গ্রুপের বর্তমান সভাপতিত্বে রয়েছে সেন্ট ভিনসেন্ট ও গ্রেনাডাইন্স।

3. আজকের এই উচ্চপর্যায়ের বৈঠকে অংশগ্রহণকারী এল.69 গ্রুপের সদস্য দেশগুলি এবং অন্যান্য সংস্কার মনস্ক উভয় দেশগুলি একটি আরও ব্যাপক, সংবেদনশীল এবং অংশগ্রহণমূলক আন্তর্জাতিক নিয়ন্ত্রণ পরিকাঠামোর আহ্বানে হাতে হাত মিলিয়েছে। তারা সমসাময়িক বৈশ্বিক বাস্তবতাকে প্রতিফলিত করার জন্য নিরাপত্তা পরিষদের জরুরী এবং ব্যাপক সংস্কারের জন্য ডাক দিয়েছেন।

4. বৈঠকের শেষে অংশগ্রহণকারীরা সাধারণ পরিষদের 77তম অধিবেশনে “নতুন প্রাণ সঞ্চার”-এ যৌথ বিবৃতি “কল টু অ্যাকশন” -এ যোগ দিয়েছে এবং নিরাপত্তা পরিষদের ব্যাপক সংস্কার অর্জনের জন্য রাষ্ট্রসঙ্ঘের সকল সদস্য দেশগুলিকে হাতে হাত মেলাবার জন্য ডাক দিয়েছেন।

নিউ ইয়র্ক

সেপ্টেম্বর 23, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.